

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৬৭.১৩/৭২৫

তারিখঃ ১৫/১০/২০১৬ খ্রিঃ।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।


সূত্র : ৩৭.০৩.৩২২৪.০০০.০৭.০০২.১৬.২৫৩/২, তারিখ: ২১/৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- ৪৮০০-সরবরাহ ও সেবা উপধাতে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব না করে সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- বোর্ড অ্যাফিলিয়েশন ফি এবং লিভারিজ এর জন্য নির্দিষ্ট উপধাত থাকা সত্ত্বেও ৪৮৯৯-অন্যান্য ব্যয় উপধাত হতে বোর্ড অ্যাফিলিয়েশন ফি এবং লিভারিজ পরিশোধের জন্য প্রস্তাব করা হয়েছে।
- সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় কোন কোনটিতে এবং ৪৯০০-মেরামত ও সংরক্ষণ উপধাতের আওতায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- একই ধরনের মালামাল/যন্ত্রপাতি একাধিক উপধাতের অধীনে ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর ব্যতীত শুধুমাত্র অধ্যক্ষের একক স্বাক্ষর রয়েছে।

উল্লেখ্য যে, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন উপরে বর্ণিত দফা ক) হতে গ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ক্রটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।


১০.১০.২০১৬
(মোঃ মিজানুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)
ফোন : ০২-৯১১১০২৩।

প্রাপক :

অধ্যক্ষ
গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ
গাইবান্ধা।

অনুলিপি :

৩১।

ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।